

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৫১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২, দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে ক্রিরাআতের বর্ণনা

### আরবী

وَعَنْ عَبْدُ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: مَا أَحصي مَا سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي الرَّكْعَتَيْنِ بَعْدَ الْمَغْرِبِ وَفِي الرَّكْعَتَيْنِ قَبْلَ صَلَاةِ الْفَجْرِ: بِ (قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ) الْكَافِرُونَ) و (قل هوا لله أحد) و (قل هوا لله أحد) رَوَاهُ التِّرْمِذِي

#### বাংলা

৮৫১-[৩০] 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি গুণে শেষ করতে পারব না যে, আমি কত বার রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মাগরিবের সালাতের পরের ও ফজরের (ফজরের) সালাতের আগের দু' (রাক্'আত) সুন্নাতে ''কুল ইয়া- আইয়ুহোল কা-ফির্নন'' (সূরাহ্ আল কা-ফির্নন) ও ''কুল হুওয়াল্ল-হু আহাদ'' (সূরাহ্ ইখলাস) তিলাওয়াত করতে শুনেছি। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] হাসান সহীহ : তিরমিয়ী ৪৩১, ইবনু মাজাহ্ ৮৩৩। দারাকুত্বনী বলেনঃ এর সানাদে কতিপয় রাবী ভুল করেছেন।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَا أَحْصِى) "আমি গুণে শেষ করতে পারবো না" এ দ্বারা উদ্দেশ্য আধিক্য। অর্থাৎ- নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সূরাহদ্বয় মাগরিব ও ফাজরের (ফজরের) সুন্নাত সালাতে বেশী বেশী পাঠ করতেন। এতে প্রমাণিত হয় যে, মাগরিব ও ফাজরের সুন্নাতে সূরাহ্ আল কা-ফিরুন ও সূরাহ্ আল ইখলা-স পাঠ করা মুস্তাহাব।



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন